

**খুলনা শিপইয়ার্ড লিমিটেড**  
(প্রশাসনিক বিভাগ)



খুশিলি/ প্রশা - ২১২/৩১ন

**বাংলা নববর্ষ - ১৪৩০ উপলক্ষ্যে এমডি মহোদয়ের বাণী**

১। বাংলা নববর্ষ - ১৪৩০ উপলক্ষ্যে আমি এবং আমার পরিবারের পক্ষ থেকে খুলনা শিপইয়ার্ড লিমিটেডের সর্বস্তরের সকল সামরিক, অসামরিক, স্থায়ী, অস্থায়ী কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক এবং সংশ্লিষ্ট সকলের পরিবারবর্গকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও নতুন বছরের জন্য শুভ কামনা।

২। পুরাতনের বিদায়ের সাথে সাথেই আমরা পদার্পণ করছি আরও একটি নতুন বছরে। 'বাংলা নববর্ষ' খুলনা শিপইয়ার্ড লিমিটেডে কর্মরত সকলের জীবনে বয়ে আনুক নতুন আশার কর্মপ্রেরণা। নতুন বছরের নবতর কর্মপ্রেরণা আর আত্ম - প্রত্যয়ে সম্মিলিতভাবে আমরা সমুখে এগিয়ে যাব, বাংলা নববর্ষের শুভাগমনে - এ হোক আমাদের দৃঢ় অঙ্গীকার। নতুন বছরে নব প্রত্যয়ে শিপইয়ার্ডের উত্তরোত্তর উন্নতি ও সমৃদ্ধি অর্জনে নতুন বছরের শুরু থেকেই আপনারা দৃঢ়চিত্তে আত্মনিয়োগ করবেন এটাই আমার প্রত্যাশা। নতুন বছরে খুলনা শিপইয়ার্ড সৃষ্টিধর্মী কর্মচার্যগ্রন্থের মাধ্যমে আরও আধুনিক প্রযুক্তি সমৃদ্ধ উন্নততর জাহাজ নির্মাণ করে বাংলাদেশ নৌবাহিনী তথা দেশ ও জাতির উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করবে বলে আমি দৃঢ়ভাবে আশাবাদী।

৩। সর্বোপরি, নতুন বছর অনাবিল সুখ, শান্তি, সুস্থিতি ও সমৃদ্ধির শুভ বারতা বয়ে নিয়ে আসুক আমাদের সকলের জীবনে। মহান আল্লাহ পাক আমাদের সকলের প্রতি সহায় হোন। শুভ নববর্ষ ১৪৩০।

  
এম সামজুল আজিজ  
কমডের বিএন  
ব্যবস্থাপনা পরিচালক

২০ এপ্রিল ২০২৩